ঝিনাইদহে হিন্দু সম্প্রদায়ের নেতৃবৃন্দের সঙ্গে বিএনপির মতবিনিময় সভা

আসন্ন শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষ্যে হিন্দু সম্প্রদায়দের নিয়ে ঝিনাইদহে মতবিনিময় সভার আয়োজন করা হয়। ঝিনাইদহ জেলা বিএনপি আয়োজিত এই সম্প্রীতি সভায় সনাতন ধর্মালম্বী সম্প্রদায়ের প্রতিনিধি, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ অংশ গ্রহন করেন।

শনিবার দুপুরে জেলা শিশু একাডেমি মিলনায়তনে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন জেলা পূজা উদযাপন ফ্রন্টের আহ্বায়ক মিলন কুমার ঘোষ। জেলা পূজা উদযাপন ফ্রন্টের সদস্য সচিব সমীর কুমার হালদারের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট এমএ মজিদ।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সিনিয়র সহ সভাপতি মোঃ আক্তারুজ্জামান, সহ সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু, ঝিনাইদহ পৌর বিএনপির সভাপতি এ্যাডভোকেট শামসুজ্জামান লাকী, সাধারণ সম্পাদক মাহাবুর রহমান শেখর, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান কল্যাণ ফ্রন্টের আহ্বায়ক তপন বিশ্বাস, সদস্য সচিব প্রহল্লাদ সরকার ও হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের আহ্বায়ক চন্দন বসু মুক্ত বক্তব্য রাখেন।

প্রধান অতিথি এম এ মজিদ বলেন, সম্প্রীতির এই বাংলাদেশ কারো একার পক্ষে স্বাধীন করা সম্ভব হয়নি। মুসলিমদের যেমন স্বাধীনতা সংগ্রামে অবদান আছে, তেমনি আছে হিন্দু বৌদ্ধ খ্রিস্টানদের। সবার মিলিত প্রচেষ্টার ফসল আজকের বাংলাদেশ।

তিনি বলেন এই দেশকে নিয়ে যারা ষড়যন্ত্র করে তারা কখনোই সফল হয়নি। শেখ হাসিনা এই বাংলাদেশকে ভারতের কদর রাজ্য করতে চেয়েছিল কিন্তু এদেশের মানুষ তার সেই ষড়যন্ত্র রুখে দিয়েছে।

বিএনপি’র এই তরুণ নেতা বলেন, আসন্ন দূর্গা পূজা নির্বিঘ্ন করতে বিএনপি ও তার অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ সর্বাত্মক সহযোগিতা করবে।

মেহেরপুরে হিন্দু সম্প্রদায়ের মাঝে জামায়াতের আর্থিক অনুদান

মেহেরপুরে সনাতনী ধর্মালম্বীদের মাঝে জামায়াতের আর্থিক সহযোগিতা প্রদান করা হয়েছে।

আজ শুক্রবার (১১ অক্টোবর) বেলা ১২ টার সময় মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন জামায়াতের উদ্যোগে আমদহ গ্রামে আনুষ্ঠানিকভাবে অসহায় হিন্দু ধর্মালম্বী নারী পুরুষদের মাঝে এই অনুদান তুলে দেওয়া হয়।

আমদহ ইউনিয়ন জামায়াতের আমীর মাওলানা নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত আর্থিক অনুদান প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দীন খান।

বিশেষ অতিথি ছিলেন, সদর উপজেলা জামায়াতের আমীর সোহেল রানা ডলার, উপজেলা নায়েবে আমির আব্দুল জব্বার, সদর উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম মাস্টার।

এই ইউনিয়নের বিভিন্ন এলাকার প্রায় ৫০ জন নারী পুরুষদের মাঝে অনুদানের টাকা তুলে দেওয়া হয়।

আলমডাঙ্গা হিন্দু সম্প্রদায়ের

সরস্বতী পূজা উৎসব পালিত

আজ রবিবার সন্ধ্যায় আলমডাঙ্গা পৌর এলাকার বিভিন্ন মহল্লায় হিন্দু সম্প্রদায়ের উদ্যোগে আয়োজিত সরস্বতী পূজা উৎসবের মন্ডপ পরিদর্শন করেন পৌর মেয়র হাসান কাদির গণু।

কলেজপাড়া শাপলা সংঘের মন্ডপে ৪২ তম সরস্বতী পূজা উৎসব উপলক্ষে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিদ্যার দেবী সরস্বতীর কাছে বিদ্যা অর্জনের উদ্দেশ্য প্রার্থনার জন্য সনাতন ধর্মের শিক্ষার্থী ও হাজার হাজার ভক্ত অনুরাগীরা প্রতিবছরের এই পূজা উৎসব পালন করে থাকে।

মন্ডপ পরিদর্শনকালে ও প্রধান অতিথির বক্তব্যকালে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও পৌরসভার মেয়র জনাব হাসান কাদির গণু বলেন সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ বাংলাদেশ, এখানে সকল ধর্মের মানুষকে সহ অবস্থান করে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে আরো শক্তিশালী করতে ভেদাভেদ ভুলে সবাইকে একযোগে কাজ করতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন, ৩নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-২ জহুরুল ইসলাম স্বপন, পূজা উদযাপন পরিষদের আলমডাঙ্গা উপজেলা সভাপতি ডাঃ অমল কুমার বিশ্বাস, বীর মুক্তিযোদ্ধা বাবু মনিন্দ্র নাথ দত্ত, অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের চুয়াডাঙ্গা জেলা সহ-সভাপতি শ্রী প্রশান্ত কুমার অধিকারী, সহ-সভাপতি বাবু সমীর কুমার দে, জেলা পূজা উদযাপন কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক সুশান্ত কুমার বুদ্ধু, হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের পৌর শাখার ও ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি পরিমল কুমার কালু ঘোষ,দাহ কমিটির সেক্রেটারি মদন, মিন্টু অধিকারী, কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজা, আলমডাঙ্গা উপজেলা হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক বিশ্বজিৎ সাধুখা,হিন্দু কল্যাণ পরিষদের অসীম সাহা,পৌর শাখার হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সহ-সভাপতি মিলন দাস, পৌর শাখার হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক পলাশ আচার্যের সভাপতিত্বে অনুষ্ঠানটি সঞ্চালনা করেন তন্ময় সাহা।

শৈলকুপায় হিন্দু সম্প্রদায়ের দু’গ্রুপের সংর্ঘষে আহত ৭

ঝিনাইদহের শৈলকুপায় হিন্দু সম্প্রদায়ের দু’গ্রুপের মধ্যে সংর্ঘষে অন্তত ৭ জন আহত হয়েছেন। এসময় বাড়িঘর ভাংচুরের ঘটনা ঘটেছে।

মঙ্গলবার রাতে শৈলকুপা উপজেলার ধলহরাচন্দ্র ইউনিয়নের নুন্দিরগাতী গ্রামে এই সংঘর্ষের ঘটনা ঘটে। আহতদের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

সংঘর্ষে আহত পল্লী চিকিৎসক নির্মল কুমার জানান, দীর্ঘদিন ধরে হিন্দু সম্প্রদায়ের মধ্যে দুটি দলের কোন্দল বিরাজ করছিল। তিনি বলেন, এ ঘটনার জের ধরে মঙ্গলবার রাতে তার উপর হামলা করে প্রতিপক্ষরা। নির্মল কুমার বিশ্বাস মাগুরা জেলার শ্রীপুর তার কর্মস্থল থেকে রাতে বাড়ী ফেরার পথে নুন্দিরগাতী সরকারী প্রাথমিক বিদ্যালয় এলাকায় পৌছালে প্রতিপক্ষরা তার উপর হামলা চালায়। পরে বাড়ি ভাংচুর, নগদ টাকা ও স্বর্ণলংকারসহ মালামাল লুট করে নিয়ে যায়। এ খবর ছড়িয়ে পড়লে হিন্দু সম্প্রদায়ের দু’গ্রুপের মধ্যে সংঘর্ষ ছড়িয়ে পড়ে। সংঘর্ষে বিপ্লব কুমার, সঞ্জয় কুমার, বাধন কুমার, নির্মল কুমার, স্মৃতি রাণী, সুবাস কুমার ও বিশ্বজিৎ কুমার গুরুত্বর আহত হন। আহতদের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও মাগুরা সদর হাসাপাতালে ভর্তি কনরা হয়ছে। এরমধ্যে অবস্থা গুরুতর হওয়ায় সুবাস কুমার নামে এক জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসাপাতালে পাঠানো হয়েছে। এ নিয়ে গ্রামটিতে উত্তেজনা বিরাজ করছে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আমিনুল ইসলাম বলেন, সংঘর্ষের ঘটনায় একটি লিখিত এজাহার দাখিল করেছে পল্লি চিকিৎসক নির্মল কুমার। পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। তিনি বলেন, তদন্থ করে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।